

# খাদ্য ব্যবসার জন্য নূতন ফি



## যে সব খাদ্য ব্যবসা গুরুত্বপূর্ণ খাদ্য নিরাপত্তার মান পালন করে না তাদের জন্য নূতন ফি

১ জানুয়ারি ২০২৪ থেকে, মেরি-বেক সিটি কাউন্সিল খাদ্য ব্যবসায়ে যারা খাদ্য আইনের প্রয়োজনীয় সকল শর্তাদি পালন করে না তাদের জন্য একটি নূতন ফি প্রবর্তন করবে। কয়েকটি উদাহরণের মধ্যে রয়েছেঃ

- হাত ধোয়ার জন্য প্রবহমান পানি নাই
- খাদ্যের তাপ মাপার জন্য কোন যন্ত্র নাই
- খাদ্য পৃষ্ঠতল পরিষ্কার করার জন্য কোন যন্ত্র নাই
- খাদ্যদ্রব্য ভাণ্ডারজাতের উপযুক্ত স্থান নাই

যে সব ব্যবসা সব সঠিক স্বাস্থ্য ও নিরাপত্তা আইন পালন করে না নূতন ফি তাদের উপর প্রযোজ্য হবে। আপনার ব্যবসা যদি সব প্রয়োজনীয়তা পালন করে, এই নূতন মূল্য আপনার উপর প্রযোজ্য **নয়**।

নভেম্বর ২০২৪ হতে শুরু করে, আপনার ব্যবসা যদি আপনার প্রাঙ্গণের সমস্যা সমাধানের কোন ব্যবস্থা গ্রহণ না করে, আপনার বার্ষিক রেজিস্ট্রেশন নবায়ন পদ্ধতির অংশ হিসাবে আপনার কাছে 'আইন অনুসরণ না করার' জন্য নূতন ফি দাবী করা হবে।

গত কয়েক বছর ধরে, মেরি-বেক কাউন্সিল খাদ্য ব্যবসার পরিমাণ বৃদ্ধি করেছে যারা গুরুত্বপূর্ণ খাদ্য ও নিরাপত্তা নিয়ম পালন করছে না। মেরি-বেকের সব খাদ্য ব্যবসা গ্রাহকদের জন্য নিরাপদ তা নিশ্চিত করতে কাউন্সিল এই নূতন ফি প্রবর্তন করেছে। এই ফির লক্ষ্য হলো ব্যবসাগুলির প্রয়োজনীয় শর্তাদি পালন করতে ও নিরাপত্তা ও স্বাস্থ্যের উচ্চ মান বজায় রাখতে সহায়তা করা।

নূতন ফির পূর্ণ তালিকার জন্য কাউন্সিলের ওয়েবসাইট দেখুনঃ

[merri-bek.vic.gov.au/safefoodbusiness](http://merri-bek.vic.gov.au/safefoodbusiness)

আপনার ভাষায় মেরি-বেক কাউন্সিলের কারো সঙ্গে কথা বলতে চাইলে অনুগ্রহ করে নিচের ফোন নম্বর ব্যবহার করুনঃ

### Merri-bek Language Link

Italiano	Italian	9280 1911	Türkçe	Turkish	9280 1914	普通话	Chinese (Simplified)	9280 0750
Ελληνικά	Greek	9280 1912	Tiếng Việt	Vietnamese	9280 1915	<b>National Relay Service:</b> 13 36 77 or <a href="http://relayservice.com.au">relayservice.com.au</a>		
عربي	Arabic	9280 1913	नेपाली	Nepali	9280 0751			